

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রশাসন/প্রকিউর/আগ্নেয়াস্ত-৪(১৭)/২০১৬-২০১৭/৪৭২

তারিখ : ১১-০১-২০১৭ ইং

প্রকিউরমেন্ট বিভাগ

সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : আগ্নেয়াস্তের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬ অনুসরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন শাখার আগ্নেয়াস্ত সরকারী নীতিমালা অনুযায়ী প্রতি বছর ৩১শে ডিসেম্বর তারিখের মধ্যে লাইসেন্স নবায়ন করার কথা। আগ্নেয়াস্ত নষ্ট এবং মেরামত অযোগ্য হলে লাইসেন্স নবায়ন করতে হবে কিনা সে বিষয়ে মাঠ পর্যায়ের বিভিন্ন শাখা থেকে প্রধান কার্যালয়ের মতামত/পরামর্শ জানতে চাওয়া হয়েছে। বর্ণিত অবস্থা নিরসনের জন্য বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনৈতিক শাখা-৪ এর ০৩-৮-২০১৬ তারিখের ৪৪.০০.০০০.০৭৭.৩৯.০০১.১৫.৮২৬ নম্বর স্বরকে জারীকৃত আগ্নেয়াস্তের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬ এর ১৯(ঙ) ও ২১(ক) অনুচ্ছেদ এর নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুচ্ছেদ ২টি নিম্নে ছবছ মুদ্রণ করা হলো :

১৯. **ডুপ্লিকেট লাইসেন্স প্রদান/ লাইসেন্স বাতিল/পরিবর্তন সংক্রান্ত :**


(ঙ) : আগ্নেয়াস্ত নষ্ট, এবং মেরামত অযোগ্য হলে লাইসেন্সধারী তার আগ্নেয়াস্তটি লাইসেন্স ইস্যুকারী সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটের নিকট জমা দিবেন। লাইসেন্স ইস্যুকারী জেলা ম্যাজিস্ট্রেট একই সঙ্গে আগ্নেয়াস্তটির লাইসেন্স বাতিল করে আগ্নেয়াস্তটি বাজেয়াপ্ত করবেন।

২১. **অকেজো ও মেরামত অযোগ্য আগ্নেয়াস্তের বিষয়ে কার্যক্রম :**

(ক) : আগ্নেয়াস্ত অকেজো ও মেরামত অযোগ্য হলে লাইসেন্সধারী তার আগ্নেয়াস্তটি লাইসেন্স ইস্যুকারী সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটের নিকট জমা দিবেন।

০৩। এমতাবস্থায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আগ্নেয়াস্তের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬ অনুসরণ পূর্বক আগ্নেয়াস্তের লাইসেন্সের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-



(এস এ এম নুরুল হক খন্দকার)
উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকা/প্রকিউর/আগ্নেয়াস্ত-৪(১৭)/২০১৬-২০১৭/৪৭২(১২৫০)

তারিখ : -ঐ-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ/বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা। (সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
- ০৭। সকল আঞ্চলিক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। নথি/মহানথি।


(আবু জাফর হাওলাদার)
সহকারী মহাব্যবস্থাপক